

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৯১.১৯-৪৯১

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৬ ব.  
২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ৪৯৫১/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪৯৫১/২০১৯ মামলার বুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪৯৫১/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৪৯৫১/২০১৯	জনাব মো: গোলাম রব্বানী, প্রভাষক (আরবি), কান্দি আর.আই ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, উপজেলা- পীরগঞ্জ, জেলা রংপুর।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ১০ (দশ) জন।	রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন কান্দি আর.আই ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা'র প্রভাষক (আরবি) জনাব মো: গোলাম রব্বানী-কে ০৮/৩/২০১৫ তারিখ হতে এমপিওভুক্তকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ না করায় তাকে (জনাব গোলাম রব্বানী) ০৮/৩/২০১৫ তারিখ হতে বর্তমান পর্যন্ত আনুষ্ঠানিক চাকুরীগত সুবিধাদিসহ এমপিও মঞ্জুর করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: গোলাম রব্বানী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৪৯৫১/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ১৬/০৬/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে ০৮/৩/২০১৫ তারিখ হতে এমপিওভুক্তকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ না করা কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং পিটিশনারকে ০৮/৩/২০১৫ তারিখ হতে বর্তমান পর্যন্ত আনুষ্ঠানিক চাকুরীগত সুবিধাদিসহ এমপিও মঞ্জুর করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সে মর্মে ১৪/০৭/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪৯৫১/২০১৯ মামলায় ১৬/৬/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১০/১০/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

  
(মো: আ: খালেক মিয়া)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।